

অন্য পৃথিবী

তখনও বিছানায় রোদ এসে পড়েনি।
শীতের পৃথিবী কুয়াশায় আঠাল মাটি।
বাইরের শীতলতার বিধে প্রবল প্রতিরোধ,
আমার উত্তাপ।

ঘড়ির ঘন্টার কাঁটায় চাষীর গায়ের ঘাম;
মিনিটের কাঁটায় খেঁজুর রসের গন্ধ;
সেকেন্ডের কাঁটা হাওড়ার ট্রেনে ডেইলি প্যাসেঞ্জার।

চায়ের কাপ জুড়িয়ে, খবরের কাগজে খোঁয়া।
আমার রাত ফুরোলো।
কখন এসে মেঝেতে রোদ পড়েছে।

অরিত্র শীল

